রাজস্বের প্রবৃদ্ধি

ভ্যাট সংক্রান্ত যেকোনো জিজ্ঞাসায় কল করুন 16555 VAT ONLINE CONTACT CENTER


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
ঢাকা (দক্ষিণ)
আইডিইবি ভবন (৪র্থ ও ৫ম তলা) ১৬০/এ, কাকরাইল, ঢাকা-১০০০।
[ Fax -8315459,Web:www.cevdsc.gov.bd, Email-cevdhksouth@yahoo.com ]


টেকসই সমৃদ্ধি

রেজিষ্টার্ড ডাকযোগে/
বাহক মারফত/
ই-মেইল

পত্র নং-২(২৩)-জনপ্রশা:/সদর/বিবিধ/০২/২০১৫/ ৩৩৮ তারিখ: ২৮/০২/২০২২

প্রাপক: সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন)
জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: **নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত।**

সূত্র: **জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.০১১.০৯.০০৮.২০২০-১২৯, তারিখ: ২৩.০২.২০২১ খ্রি:**

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

০২। সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে গত ১৪.০১.২১ খ্রি: তারিখে জাতীয় রাজস্ব বোর্ডে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। যা নিম্নের ছকে আপনার সদয় অবগতির জন্য উপস্থাপন করা হলো:

| ক্রমিক নং | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১. | অধীনস্থ অফিস ও মাঠপর্যায়ের অফিসসমূহে নিয়মিত নৈতিকতা কমিটির সভা আয়োজন সংক্রান্ত। | ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী মাঠ পর্যায়ের অফিসসমূহ নিয়মিত শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার আয়োজন করে সভার কার্যবিবরণী বোর্ডে প্রেরণ করতে হবে। | এ দপ্তরে শুদ্ধাচার ও নৈতিকতা বিষয়ে কমিটি গঠন করা হয়েছে এবং নিয়মিত সভা আয়োজনের কার্যক্রম চলমান রয়েছে। |
| ২. | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা সংক্রান্ত। | ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী অংশীজনদের (stakeholders) অংশগ্রহণে নিয়মিত সভার আয়োজন অব্যাহত রাখতে হবে। | সুশাসন প্রতিষ্ঠার বিষয়ে অংশীজনের (stakeholders) সাথে নিয়মিত সভার আয়োজনের কার্যক্রম চলমান রয়েছে। |
| ৩. | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন বিষয়ক প্রশিক্ষণ আয়োজন সংক্রান্ত। | Zoom এ্যাপ এর মাধ্যমে বিসিএস (কর) একাডেমী ও কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমীতে প্রশিক্ষণ আয়োজন অব্যাহত রাখতে হবে। | এ দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন বিষয়ে নিয়মিত ইন-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হচ্ছে এবং এতদ্ বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যে কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমীকে বলা যেতে পারে। |
| ৪. | উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ সংক্রান্ত। | উত্তম চর্চার তালিকা প্রস্তুত করে স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগে দ্রুত প্রেরণ করতে হবে। | এ দপ্তর হতে উত্তম চর্চার প্রতিবেদন প্রস্তুত করে জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)। |
| ৫. | শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিস পরিদর্শন সংক্রান্ত। | স্ব স্ব শাখা/অধিশাখাসমূহ নিয়মিত পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন দাখিল করতে হবে। | এ দপ্তরের অধীনস্থ মাঠ পর্যায়ের দপ্তরসমূহে নিয়মিত পরিদর্শন করা হয়। |
| ৬. | সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ সংক্রান্ত। | ১। শাখা সমূহের নথি শ্রেণিবিন্যাসের কাজ পুনরায় প্রথম সচিব ও দ্বিতীয় সচিব ব্যক্তিগতভাবে পরীক্ষা-নিরীক্ষা করে সংশ্লিষ্ট কমিটির নিকট প্রতিবেদন দাখিল করবেন।<br>২। মাঠ পর্যায়ের সকল কমিশনারেটে নথি শ্রেণীবিন্যাসের কাজ যথাযথভাবে করার জন্য কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা উইং এবং শুল্ক ও ভ্যাট প্রশাসন উইং থেকে ২ টি আলাদা কমিটি গঠন করতে হবে। | সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথি ব্যবস্থাপনা সংক্রান্ত বিভিন্ন আদেশ নির্দেশজারী করা হয়েছে এবং নথি কার্যক্রম দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে অফিস আদেশ জারী করা হয়েছে। |

| | | | |
|---|---|---|---|
| ৭. | শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণ সংক্রান্ত। | জাতীয় রাজস্ব বোর্ডের সকল শাখার নথি শ্রেণীবিন্যাস করে তালিকা প্রণয়ন করা হয়েছে। | কার্যক্রম চলমান রয়েছে। |
| ৮. | প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজন সংক্রান্ত। | নিয়মিত গণশুনানী আয়োজন করে তাঁর প্রতিবেদন বোর্ডে প্রেরণ করতে হবে। | করোনা ভাইরাস জণিত মহামারির আগ পর্যন্ত এ দপ্তরে প্রাতিষ্ঠানিক গণশুনানীর আয়োজন করা হয়েছে। এছাড়া স্বাস্থ্যবিধি মেনে সেক্টর ভিত্তিক শুনানী গ্রহণ করা চলমান থাকবে। |
| ৯. | শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার প্রদান সংক্রান্ত। | শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে কর্মকর্তা/ কর্মচারী বাছাই করার জন্য Criteria নির্ধারণ করতে হবে। | শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য এ দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের মধ্য হতে মনোনয়নপূর্বক জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করা হয়। |
| ১০. | ই-ফাইলিং বাস্তবায়ন সংক্রান্ত। | ই-পত্র ইস্যু করার প্রয়োজনে সংশ্লিষ্ট সকলের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। | ই-ফাইলিং বিষয়ে এ দপ্তরের কর্মকর্তা/ কর্মচারীগণের যথাযথ প্রশিক্ষণ ও দক্ষতা না থাকায় কার্যক্রম গ্রহণ করা সম্ভব হচ্ছে না। বিধায় জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ই-ফাইলিং বিষয়ে দক্ষ প্রশিক্ষক দ্বারা এ দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদেরকে প্রশিক্ষণ প্রদান করা হলে ই-ফাইলিং বিষয়ে কার্যক্রম গ্রহণ করা সম্ভব হবে। |
| ১১. | অভিযোগ নিষ্পত্তি করণ সংক্রান্ত। | অভিযোগ নিষ্পত্তির প্রতিবেদন প্রতি মাসে বোর্ড প্রশাসন-২ শাখায় প্রেরণ করতে হবে। | অভিযোগ সংক্রান্ত তথ্যাদি প্রতি মাসে প্রতিবেদন আকারে জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করা হয়। |
| ১২. | অভিযোগ বাক্স স্থাপন করা সংক্রান্ত। | অভিযোগ বাক্স সাপ্তাহিক ভিত্তিতে প্রতি বৃহস্পতিবার নিয়মিত খুলে তালিকা প্রস্তুত করতে হবে এবং নিষ্পত্তির পদক্ষেপ নিতে হবে। | এ দপ্তরের অভ্যর্থনা কক্ষে একটি অভিযোগ বাক্স স্থাপন করা হয়েছে। যেখানে দর্শনার্থীরা তাদের মতামত ও পরামর্শ প্রদান করে থাকেন। |
| ১৩. | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি নিয়মিতভাবে পরিবীক্ষণ সংক্রান্ত। | প্রতি ০৩ (তিন) মাস অন্তর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন অভ্যন্তরীণ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে। | এ দপ্তর হতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করা হয়ে থাকে। |

০৩। বিষয়টি আপনার সদয় অবগতি ও পরবর্তী কার্যার্থে জানানো হলো।

আপনার বিশ্বস্ত,

সংযুক্ত: বর্ণনামতে ...১২...পাতা।

স্বা:/- [ এস এম হুমায়ূন কবীর ]
কমিশনার
২৫/০২/২০২১

পত্র নং-২(২৩)-জনপ্রশা:/সদর/বিবিধ/০২/২০১৫/ ৩৭৭(১-২)

তারিখ: ২৫/০২/২০২১

**অনুলিপি অবগতি ও পরবর্তী কার্যার্থে প্রেরিত হলো :**

০১। দ্বিতীয় সচিব (শু:ভ:প্র:-১), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

০২। গার্ড ফাইল।

25.02.21

স্বা:/- [ অথেলো চৌধুরী ]
উপ কমিশনার